কুষ্টিয়ায় রোটারী ক্লাবের উদ্যোগ শীতার্ত মানুষ মাঝে কম্বল বিতরণ

কুষ্টিয়ায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। রোটারী ক্লাব অব কুষ্টিয়ার উদ্যোগে গতকাল মঙ্গলবার কুষ্টিয়া পৌরসভার ৭ ও ৮ নং ওয়ার্ড এলাকায় এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট রোটারিয়ান আবু হাসান লিটন এমপিএইচএফ এমডি এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন, রোটারি ক্লাব অব কুষ্টিয়ার শীত বস্ত্র উপহার প্রদানে উপস্থিত ছিলেন রোটারি ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক ৩২৮১ এর অ্যাডিশনাল গভর্নর রোটারিয়ান অজয় সুরেকা এমপিএইচএফ, ডিস্ট্রিক সেক্রেটারি সৈয়দা হাবিবা একেএস, রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট-ইলেক্ট রোটারিয়ান অ্যাডভোকেট মোসাদ্দেক আলী মণি এমপিএইচএফ এমডি, প্রেসিডেন্ট-নমিনি রোটারিয়ান রুয়াইম রাব্বি এমপিএইচএফ এমডি, সেক্রেটারি তুষার রতন, রোটারিয়ান গোপা সরকার আরএফএসএম, রোটারিয়ান বরেন পোদ্দার, রোটারেক্ট শাহরিয়ার পারভেজ শাওন, কুষ্টিয়া পৌরসভার ৭নং ওয়ার্ড কমিশনার এইচ এম তানভীর নবেল এবং ৮নং ওয়ার্ড কমিশনার শেখ কৌশিক আহম্মেদসহ অনেকে।

রোটারি ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক ৩২৮১ এর অ্যাডিশনাল গভর্নর রোটারিয়ান অজয় সুরেকা এমপিএইচএফ জানান, সারাদেশের মতো কুষ্টিয়াতেও শীতের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। এই কনকনে শীতে পৌরসভার ৭ ও ৮ নং এলাকার শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

আর্তমানবতার সেবায় রোটারী ক্লাব অব কুষ্টিয়া নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সমাজের বিভিন্ শ্রেনী পেশার মানুষের জন্য রোটারী ক্লাব অব কুষ্টিয়া বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে তা বাস্তবায়নের মাধ্যমে মানুষের অন্তরে স্থান করে নিয়েছে।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট রোটারিয়ান আবু হাসান লিটন বলেন, আমরা যারা রোটারী করি এসব রোটারিয়ানরা নিজেদের উপার্জনের অর্থের একটি অংশ সমাজের অসহায় মানুষের কল্যাণে ব্যয় করে থাকি। রোটারীর মাধ্যমে মানুষের সহায়তায় এগিয়ে আসা একটি মহৎ

কাজ। সমাজের বিত্তবানদের সকলের উচিত যার যার অবস্থান থেকে রোটারীর ন্যায় সাহায্যের হাত প্রসারিত করা। তাহলেই আগামীর জন্য একটি সুখী-সুন্দর সমাজ বিনির্মাণ করা সম্ভব।

এদিকে কম্বল পেয়ে বিভিন্ন পেশার মানুষ বলেন, রোটারী ক্লাবের পক্ষ থেকে এই তীব্র শীতে কম্বল উপহার পেয়ে আমাদের অনেক উপকারে লাগবে। শীত লাঘব হবে। কম্বল পেয়ে একটু আরাম পাবো।